

## ■ মোবাইল ফোন ■

বিজ্ঞানের সাম্প্রতিকতম আবিষ্কার মোবাইল ফোন। মোবাইল ফোন এখন বিশ্বকে আমাদের হাতের মুঠোয় এনে দিয়েছে। দূর আজ দূর নয়, দূরে থাকা মানুষ আজ আর দূরে নেই। বর্তমানে মোবাইল ফোনের ব্যবহার আমাদের জীবনকে আরও সহজ করেছে। রাস্তায় হাঁটতে হাঁটতে, গাড়িতে বসে যেতে যেতে, খেলার মাঠে খেলা দেখতে আমরা তাদের সঙ্গে চালিয়ে যেতে পারি একান্তে কথাবার্তা। বিপদ-আপদে পড়লে প্রিয়জনকে আমরা দ্রুত খবর দিতে পারি। হঠাৎ বিপদে মোবাইল খুব গুরুত্বপূর্ণ। তা ছাড়া জ্বরুরি ক্ষেত্রে যেমন আগুন



লাগলে, কেউ অসুস্থ হলে আমরা মোবাইলের সাহায্যে দ্রুত ব্যবস্থা নিতে পারি।। দাগি অপরাধী ধরার ক্ষেত্রেও মোবাইল বেশ সহায়ক। অপরাধীর অবস্থান এবং গতিবিধি নির্ণয়ের জন্য পুলিশ এখন মোবাইল ফোনের টাওয়ার অঞ্চল দেখে অনুসন্ধানের পথকে সহজ করেছে। বর্তমানে ইন্টারনেট পদ্ধতিতে এখন ব্যাংকের যাবতীয় লেনদেনও হচ্ছে এই মোবাইল ফোনের সাহায্যে। তবে মোবাইল ফোনের অতিরিক্ত ব্যবহার মানুষের একাগ্রতাকে নষ্ট করে দিচ্ছে। রাস্তাঘাটে এজন্য দুর্ঘটনাও ঘটছে অনেক। মোবাইল কানে রেললাইন পার হতে গিয়ে বহু মানুষের মৃত্যুর ঘটনা ঘটেছে। আসলে কোনো জিনিসেরই যথেষ্ট ব্যবহার ভালো নয়। সুতরাং মোবাইল ফোনের ব্যবহার সম্পর্কে আমাদের সংযত এবং সচেতন হতে হবে।